



তামিম ইকবাল বিসিবি নির্বাচনে প্রার্থিতা প্রত্যাহার করলেন



সংগৃহীত ছবি

আসন্ন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালনা পর্ষদ নির্বাচনে প্রার্থী ছিলেন সাবেক অধিনায়ক তামিম ইকবাল। তবে শেষ মুহূর্তে তিনি তার মনোনয়ন প্রত্যাহার করেছেন। এর ফলে নির্বাচনের উত্তেজনা নতুনভাবে বৃদ্ধি পেয়েছে।

বুধবার (১ অক্টোবর) সকালেই বাংলাদেশ ক্রিকেট বোর্ডে উপস্থিত হন তামিম ইকবাল। মূলত প্রার্থিতা প্রত্যাহারের জন্যই তার এই আগমন। তার সঙ্গে ছিলেন আরেক প্রার্থী ইসরাফিল খসরু। বিসিবি নির্বাচনে পরিচালক পদের জন্য মনোনয়ন প্রত্যাহারের শেষ সময় দুপুর ১২টা পর্যন্ত ছিল। পরে দুপুর ২টায় চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

সূত্রের খবর, তামিমের মতো আরও অন্তত আটজন প্রার্থী নির্বাচনের বাইরে সরে যেতে পারেন।

বিসিবি গঠনতন্ত্র অনুযায়ী, পরিচালনা পর্ষদের নির্বাচন তিনটি ক্যাটাগরিতে অনুষ্ঠিত হয়। জেলা ও বিভাগীয় ক্যাটাগরিতে মোট ১০ জন পরিচালক নির্বাচিত হন। ঢাকা, চট্টগ্রাম ও খুলনা থেকে দুইজন করে এবং বরিশাল, সিলেট, রাজশাহী ও রংপুর থেকে একজন করে নির্বাচিত হন। এই ক্যাটাগরিতে মোট ৭১ জন কাউন্সিলর ভোটাধিকারী।

ক্লাব ক্যাটাগরিতে ৭৬ জন কাউন্সিলরের ভোটে নির্বাচিত হন ১২ জন পরিচালক। তৃতীয় ক্যাটাগরিতে, যা বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও সংস্থা নিয়ে গঠিত, ৪৫ জন কাউন্সিলরের ভোটে একজন পরিচালক নির্বাচিত হন। এরপর নির্বাচিত ২৫ পরিচালক তাঁদের ভোটে বোর্ডের সভাপতি নির্বাচিত করবেন।

নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৬ অক্টোবর।